

প্রকাশ : ১ ডিসেম্বর, ২০১৭ ১০:৪২
আপডেট : ১ ডিসেম্বর, ২০১৭ ১৪:২৫

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

আনিসুল হকের দাফন বনানীতে

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের মরদেহ লন্ডন থেকে শনিবার দেশে আনা হবে। ওইদিনই বাদ আসর আর্মি স্টেডিয়ামে জানাজা শেষে তাকে বনানী কবরস্থানে দাফন করা হবে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।

এর আগে, লন্ডনে চিকিৎসাধীন অবস্থায়

বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে

চিকিৎসকরা তার কৃত্রিম শ্বাস-প্রশ্বাসযন্ত্র খুলে নেন। এরপর তাকে মৃত ঘোষণা করা হয়। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৫ বছর। তিনি স্ত্রী, দুই মেয়ে ও এক ছেলে রেখে গেছেন।

পারিবারিক সূত্র জানায়, আজ শুক্রবার বাদ জুমা লন্ডনের রিজেন্ট পার্ক মসজিদে মেয়র আনিসুল হকের প্রথম জানাজা অনুষ্ঠিত হবে। এরপর শনিবার বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে বেলা ১১টা ২০ মিনিটে তার লাশ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছাবে। বিমানবন্দর থেকে লাশ তার গুলশানের বাসায় নেওয়া হবে। ওইদিনই বাদ আসর আর্মি স্টেডিয়ামে জানাজা শেষে তাকে বনানী কবরস্থানে দাফন করা হবে।

বিডি প্রতিদিন/০১ ডিসেম্বর ২০১৭/এনায়েত করিম